بسم الله الرحمن الرحيم

পরম করুণাময় ও সতত দয়াবান আল্লাহ ﷾'র নামে

ছোটদের সীরাহ

# মহান নাবী মুহাম্মাদ ﷺ এর অসাধারণ ঘটনাবলী


**প্রকাশক:**
দাওয়াহ কর্নার বুকস্টোর (এম) এসডিএন. বিএইচডি.
নং ৫, জালান দাতো আবদুল আজিজ, সেকশন ১৪, ৪৬১০০ পেটালিং জায়া,
সেলাঙ্গর দারুল ইহসান, মালয়েশিয়া।
টেলিফোন: +৬০৩ ৭৯৫৬ ৪৬৬৪

**প্রথম প্রকাশ:**
২০২৪

**শিরোনাম:**
মহান নাবী মুহাম্মাদ স. এর
অসাধারণ ঘটনাবলী

**লেখক:**
আবু আহমেদ ফরিদ

**অনুবাদ:**
শারমিন ফারজানা বাসুনিয়া

**আইএসবিএন:**
৯৭৮-৯৬৭-৫৬৯৯-৯৮-৬

**সম্পাদনা:**
জোয়ান পারে
মুরতালা আডেডোকুন
ডিসিবি রিসার্চ

**কভার ও কনসেপ্ট ডিজাইন:**
মুহাম্মদ ফারাজ
তেংকু এলিনর

**ইলাস্ট্রেশন:**
মুহাম্মদ ফারাজ
নোরাশিকিন ইউসুফ

**মুদ্রণ:**
ইলাননূর পাবলিকেশন

প্রস্তাবনা এবং মন্তব্য:
dakwahcornerpublications@gmail.com
publication.ilannoor@gmail.com



**সকল অধিকার সংরক্ষিত**
কপিরাইট © ২০২৩ দাওয়াহ কর্নার বুকস্টোর (এম) এসডিএন. বিএইচডি.
© ২০২৪ ইলাননূর এডিফিকেশন লিমিটেড, বাংলাদেশ

প্রকাশকের অনুমতি ছাড়া বইটির কোনো অংশ ইলেকট্রনিক বা প্রিন্ট মিডিয়ায় পুনঃপ্রকাশ সম্পূর্ণ নিষিদ্ধ। স্ক্যান করে ইন্টারনেটে আপলোড, ফটোকপি, বা অন্য কোনো উপায়ে মুদ্রণ করাও অবৈধ এবং আইনত দণ্ডনীয়।




**শোরুম:**
মালয়েশিয়া
দাওয়াহ কর্নার বুকস্টোর সেকশন ১৪,
পেটালিং জয়া, সেলাঙ্গর ডি.ই
ফোন: +৬০৩৭৯৫৬৪৬৬৪

আমপাং পয়েন্ট শপিং সেন্টার
ফোন: +৬০৩-৪২৬৬৯৬৯২

**সৌদি আরব**
দাওয়াহ কর্নার বুকস্টোর মক্কা কমার্শিয়াল
সেন্টার, পবিত্র মক্কা
ফোন: +৯৬৬১২৫৩১১৮৯৫

**নাইজেরিয়া**
দাওয়াহ ইসলামিক বুকশপ ইউএসি
বিল্ডিং, আবুজা
ফোন: +২৩৪৮০৫৬০৩৭৭৭৯

**ফিলিপাইনস**
দাওয়াহ কর্নার বুকস্টোর ফালকাতান স্ট্রিট
টেটুয়ান জাম্বোয়াঙ্গা সিটি
টেল: +৬৩ ৯২৬ ৫২৮৪

**পরিবেশক:**

দারুসসালাম অস্ট্রেলিয়া অস্ট্রেলিয়া
ফোন: +৬১২৯৭৪০৭১৮৮

সালাম মিডিয়া ইন্টারন্যাশনাল সিঙ্গাপুর
ফোন: +৬৫৬৩৯৬৪১২১

দারুসসালাম পাবলিশার্স ইউএসএ
ফোন: +১৮৬০২২৪ ২৪০০

দারুসসালাম বুকস (লন্ডন সেন্ট্রাল
মসজিদ) যুক্তরাজ্য
ফোন: +৪৪২০৭৭২৩১২৩৪

**ইলাননূর পাবলিকেশন**
ফোন: +৮৮০১৪০৭০৭০২৬৬
৩৭ গিয়াস গার্ডেন বুক কমপ্লেক্স, দোকান নং: ১২০
বাংলাবাজার ঢাকা।

ক্যাটালগিং-ইন-পাবলিকেশন ডেটা
এই ক্যাটালগ রেকর্ড ডিপার্টমেন্ট অফ আর্কাইভস এন্ড লাইব্রেরী, মিনিস্ট্রি অফ কালচারাল অ্যাফেয়ার্স, বাংলাদেশ থেকে নেয়া।
আইএসবিএন ৯৭৮-৯৬৭-৫৬৯৯-৯৮-৬



# ভূমিকা

## প্রিয় পিতা-মাতা, শিক্ষক এবং শিক্ষাবিদগণ,

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারকাতুহ। আমরা সবাই জানি যে, প্রিয় নাবী মুহাম্মদ ﷺ এর জীবনী পাঠ আমাদের অন্তর এবং দৈনন্দিন জীবনকে গভীরভাবে প্রভাবিত করে। সুমহান এবং সর্বজ্ঞ سُبْحَانَهُ وَتَعَالَىٰ স্বয়ং আমাদেরকে এ ব্যাপারে অবহিত করেছেন। তিনি আমাদেরকে জানিয়েছেন যে অনুসরণের জন্য রাসুল ﷺ এর জীবন চরিত আমাদের জন্য আদর্শ। কুরআনুল কারীমে আল্লাহ سُبْحَانَهُ وَتَعَالَىٰ বলেন:

> "নিশ্চয়ই আল্লাহ سُبْحَانَهُ وَتَعَالَىٰ'র রাসুলের মধ্যে তোমাদের জন্য রয়েছে উত্তম দৃষ্টান্ত, যে আল্লাহ سُبْحَانَهُ وَتَعَالَىٰ ও শেষ দিনের প্রতি আশা রাখে এবং আল্লাহ سُبْحَانَهُ وَتَعَالَىٰ কে অধিক স্মরণ করে।" **(সূরা আল-আহযাব, আয়াত ৩৩:২১)।**

এ যুগের তরুণ প্রজন্মকে আমাদের প্রিয় নাবী ﷺ এবং তাঁর জীবনী সম্পর্কে জানতে হবে। এই জ্ঞান তাদেরকে তাঁর প্রতি আন্তরিক ভালবাসা পোষণ ও তাঁর পদাঙ্ক অনুসরণ করতে এবং তাঁর রেখে যাওয়া বার্তা বিশ্বের কাছে পৌঁছে দিতে সহায়তা করবে।

আমার এই লেখাটি যেন সিরাহ বিষয়ক বিদ্যমান ইসলামী সাহিত্যকে নতুনত্বের মাধ্যমে আরও সমৃদ্ধ করে, সেজন্য আমি আপ্রাণ চেষ্টা করেছি। বিদ্যমান সিরাহ গ্রন্থগুলি থেকে নিম্নলিখিত বৈশিষ্ট্যগুলির কারণে এই লেখাটি স্বতন্ত্র:

ক. ইবনে কাসিরের 'আল-সিরা আল-নববিয়া', সফিউর রহমান আল-মুবারকপুরীর 'আর-রাহিক আল-মাখতুম' এবং ইমতিয়াজ আহমদের 'মুহাম্মদ: সর্বাধিক প্রশংসিত ব্যক্তির জীবনী'-এই সিরাহ গ্রন্থগুলির মতো গ্রহণযোগ্য উৎসগুলির উপর ভিত্তি করে নাবীর জীবনের ২৩ বছরের ঘটনাগুলি পর্যায়ক্রমিকভাবে সাজানো হয়েছে। এই সহজবোধ্য ধারাবাহিক বিবরণ তরুণ পাঠকদের কাছে নাবী-জীবনের তথ্যসমূহ পৌঁছে দিবে।

খ. বইটির একটি অন্যতম লক্ষ্যকে সামনে রেখে পুরো বই জুড়ে ঈমান, তাওহীদ **(আল্লাহ سُبْحَانَهُ وَتَعَالَىٰ'র একত্বে বিশ্বাস)** এবং ইসলামী আচার-আচরণের মৌলিক ধারণার উপর গুরুত্ব দেওয়া হয়েছে।



গ. ইসলাম সম্পর্কে সমসাময়িক ভুল ধারণা দুরীকরণে নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ও তাঁর সম্মানিত সাহাবীগণকে যথাযথভাবে উপস্থাপন করা হয়েছে।

ঘ. উদ্দিষ্ট পাঠকশ্রেনীর বয়স অনুযায়ী তাদের ভাষা দক্ষতার প্রতি খেয়াল রেখে খুবই সহজবোধ্য ভাষা এবং শব্দ বাছাই করা হয়েছে যা গল্পের বর্ণনাকে সরল ও সংক্ষিপ্ত করেছে।

ঙ. নাবীর মিশনের আগে ও পরে এবং হিজরতের আগে ও পরের ঘটনাগুলির মধ্যে পার্থক্য করার জন্য সুস্পষ্ট বর্ণনামূলক চিত্র অন্তর্ভুক্ত করা হয়েছে।

চ. পরিশেষে, তরুণ পাঠকদের আমাদের প্রিয় নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের জীবনের গল্প এবং এর গুরুত্বপূর্ণ বার্তাগুলি স্মরণ করতে সহায়তা করার জন্য ঘটনাগুলির একটি 'ভিজ্যুয়াল মানচিত্র' দেয়া হয়েছে।

এই বইটি বিশেষভাবে ছয় থেকে বারো বছর বয়সী শিশুদের জন্য লেখা হয়েছে। শিক্ষা প্রতিষ্ঠান এবং 'হোমস্কুলিং' উভয় প্রেক্ষাপটেই বইটি সমানভাবে উপযুক্ত এবং এই বইয়ে সন্নিবেশিত জীবন ঘনিষ্ঠ শিক্ষা মুসলিম পরিবার এবং শিক্ষাবিদ সকলের প্রাত্যহিক জীবনের জন্যই অপরিহার্য ।

পরিশেষে, আল্লাহ ﷻ কাছে আমাদের প্রার্থনা, তিনি যেন এই গ্রন্থটিকে পাঠকদের জন্য উপকৃত হওয়ার মাধ্যম বানিয়ে দেন এবং যারা এর সংকলন, প্রকাশনা ও অনুবাদে অবদান রেখেছেন তাদেরকে পুরস্কৃত করেন। তিনি যেন আমাকে আপনাদের দুয়ার সুফলভোগকারীদের মধ্যে অন্তর্ভুক্ত হওয়ার তওফিক দান করেন।

**আবু আহমেদ ফরিদ**
**কুয়ালালামপুর**





৩
কাবা শরীফ পুনর্নির্মাণ
৬
মুহাম্মদ ﷺ আল্লাহ ﷻ'র রাসুল
৭
যখন চাঁদ দ্বিখণ্ডিত হয়েছিল, একটি অলৌকিক ঘটনা
৮
তায়েফে মুহাম্মদ
সৌভাগ্যময় সন্তানের তাঁর মায়ের কাছে প্রত্যাবর্তন
৪
হাতির বছর
১
দুঃখের বছর
১১
মুহাম্মদের জীবনের প্রথম অধ্যায়
২
সৌভাগ্যের শিশু
৩
মহানাবী মুহাম্মদ ﷺ কাছে ইয়াসরিবের একটি প্রতিনিধি দলের আগমন
১৪
মক্কা বিজয় এবং শান্তিপূর্ণ প্রবেশ
২৭
আবি তালিব উপত্যকার বয়কট
১০
মুহাম্মাদ ইবনে আবদুল্লাহর যৌবনে পদার্পণ
৫
আরও কিছু গুরুত্বপূর্ণ ঘটনা
২৫
হাজ্জাতুল ওয়াদা (বিদায় হজ্ব)
২৮

# সূচিপত্র


১২
মুহাম্মদ ﷺ মদিনায় হিজরত
১৫
মুহাম্মদ ﷺ মোজেজা (আল্লাহ্ ﷻ'র অনুমতিক্রমে অলৌকিক ক্ষমতা)
১৬
আবিসিনিয়ায় (ইথিওপিয়ায়) মুসলিম অভিবাসন
৯
রাজা, সম্রাট এবং বিশ্ব নেতাদের কাছে পত্র প্রেরণ
২৬
হুদায়বিয়ার চুক্তি
২৪
খন্দক বা আহযাবের যুদ্ধ (ট্রেঞ্চ বা মিত্র)
২৩
অলৌকিক রাত্রিযাত্রা (আল-ইসরা ওয়াল-মিরাজ)
১৩
মুহাম্মদ ﷺ কে স্বাগত জানালো মদিনা
১৭
ইসলামের প্রথম যুদ্ধ: বদরের যুদ্ধ
মুহাম্মদ ﷺ এর মৃত্যু
২৯
মদিনায় ভালোবাসা ও শান্তি
১৯
ইসলামের প্রথম মসজিদ
১৮
মদিনার ইহুদি এবং তাদের চরিত্র
২২
ইসলামের দ্বিতীয় যুদ্ধ: উহুদের যুদ্ধ
২১



# হাতির বছর

অনেক দিন আগে ইয়েমেনে আবরাহা নামে একজন রাজা বাস করত। একদিন আবরাহা একটি বিশাল সৈন্যদল নিয়ে মক্কার উদ্দেশ্যে যাত্রা শুরু করল। তার উদ্দেশ্য ছিল আল্লাহ ﷾'র ঘর, কাবা ধ্বংস করা। কারণ সে চেয়েছিল লোকেরা যেন কাবায় যাওয়া বন্ধ করে ইয়েমেনে তার নির্মাণ করা জাঁকজমকপূর্ণ একটি বিশাল গির্জায় যায়। আবরাহা অত্যন্ত চমৎকার মার্বেল পাথর দিয়ে তার গির্জাটি সাজিয়েছিল। এটির দরজাগুলো ছিল সোনা এবং রুপার তৈরি। আবরাহা চেয়েছিল যারাই এটা দেখবে তারাই যেন এর সৌন্দর্যে মুগ্ধ হয়ে যায়।

আবরাহার সৈন্যবাহিনীর সাথে ছিল একটি অত্যন্ত শক্তিশালী হাতি। সে এই সৈন্যবাহিনী নিয়ে মক্কার দিকে অগ্রসর হলো। আবরাহার ধারনা ছিল তার জন্য কাবা ঘর ধ্বংস করা মাত্র কয়েক মুহুর্তের ব্যাপার। সবকিছু তার পরিকল্পনা অনুযায়ী হবে। কিন্তু সহসাই সে দেখল কোনো কিছুই তার পরিকল্পনা অনুযায়ী হচ্ছে না। হাতিটি মক্কার উপকণ্ঠের কাছে এসে থমকে দাঁড়াল। এটিকে আর এক পাও সামনে এগিয়ে নেয়া গেল না।





আবরাহার সৈন্যরা বেচারা হাতিটির উপর মারধোরসহ সব সব ধরনের চাপ প্রয়োগ করল। কিন্তু হাতিটা কাবার দিকে এগিয়ে যেতে অস্বীকৃতি জানাতেই থাকল।

সেই সময় আল্লাহ ﷻ 'সিজ্জিল' নামক পোড়া পাথর দিয়ে এই  অত্যাচারী বাহিনীকে আক্রমণ করার জন্য ঝাঁকে ঝাঁকে পাখি প্রেরণ করলেন। মুহুর্তের মধ্যে পুরো সেনাবাহিনী ধ্বংস হয়ে গেল। দুরাচারী রাজা আবরাহা আহত অবস্থায় পালিয়ে গেল এবং পরবর্তীতে মৃত্যুবরণ করল। আল্লাহ ﷻ তাঁর ঘর 'কাবা'কে তাদের মন্দ উদ্দেশ্য এবং কুকর্ম থেকে রক্ষা করলেন।

সেই বছরই আবদুল্লাহর পুত্র মুহাম্মদ জন্মগ্রহণ করেন এবং পরবর্তীতে এই বছরটির নামকরণ করা হয় 'হাতির বছর'। কুরআনের সূরা 'আল-ফিল' এ (হাতির অধ্যায়ে) এই কাহিনীর উল্লেখ রয়েছে।

